রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

**অতিরিক্ত সংখ্যা**
**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

**সোমবার, জুলাই ২৮, ২০২৫**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**

**আইন ও বিচার বিভাগ**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৩ শ্রাবণ ১৪৩২ বঙ্গাব্দ/২৮ জুলাই, ২০২৫ খ্রিষ্টাব্দ

**এস.আর.ও নম্বর ৩২৩-আইন/২০২৫।**—যেহেতু বাংলাদেশ সুপ্রীম কোর্টের আপীল বিভাগের ১১১/২০০৮ ও ১১২/২০০৮ নম্বর সিভিল আপিলে প্রদত্ত রায়ে আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের আইন সচিব পদসহ অন্যান্য পদে বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিসের সদস্যদের নিয়োগের বিষয়ে বাধ্যবাধকতা রহিয়াছে; এবং

যেহেতু আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের আইন ও বিচার বিভাগের সচিব পদসহ বিভিন্ন পদে বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিসের সদস্যদের নিয়োগ করা হয়;

সেহেতু গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৩৩ অনুচ্ছেদে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি, বাংলাদেশ সুপ্রীম কোর্টের সহিত পরামর্শক্রমে, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিলেন, যথা:—

**১। শিরোনাম ও প্রবর্তন** ।—(১) এই বিধিমালা আইন ও বিচার বিভাগে পদায়ন বিধিমালা, ২০২৫ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

**২। সংজ্ঞা**।—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোনো কিছু না থাকিলে, এই বিধিমালায়—

(ক) "তফসিল" অর্থ এই বিধিমালার তফসিল;


**মূল্য :** টাকা ৪.০০

(খ) "পদ" অর্থ আইন ও বিচার বিভাগের সহকারী সচিব, সিনিয়র সহকারী সচিব, উপসচিব, উপসলিসিটর, যুগ্মসচিব, সলিসিটর, অতিরিক্ত সচিব এবং সচিব পদ;

(গ) "প্রয়োজনীয় যোগ্যতা" অর্থ এই বিধিমালার তফসিলে উল্লিখিত বিভিন্ন পদের বিপরীতে বর্ণিত প্রয়োজনীয় যোগ্যতা;

(ঘ) "সার্ভিস" অর্থ বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস।

৩। **বিধিমালার প্রাধান্য** ।—আপাতত বলবৎ অন্য কোনো বিধি, প্রবিধান, উপআইন, নীতিমালা বা অন্য কোনো প্রকার বিজ্ঞপ্তি বা আদেশে ভিন্নরূপ যাহা কিছুই থাকুক না কেন, আইন ও বিচার বিভাগের বিভিন্ন পদে নিয়োগের ক্ষেত্রে এই বিধিমালার বিধানাবলি কার্যকর থাকিবে।

৪। **নিয়োগের পদ্ধতি** ।—(১) এই বিধিমালার তফসিলে বর্ণিত নিয়োগ পদ্ধতি অনুসরণে এবং প্রয়োজনীয় যোগ্যতার ভিত্তিতে বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিসের সদস্যদের আইন ও বিচার বিভাগের বিভিন্ন পদে নিয়োগ করিতে হইবে।

(২) উপ-বিধি (১) এর বিধান সত্ত্বেও সহকারী সচিব, সিনিয়র সহকারী সচিব, উপসচিব, যুগ্মসচিব ও অতিরিক্ত সচিবের ২৫% পদে বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিসের সদস্য বহির্ভূত সহকারী সচিব, সিনিয়র সহকারী সচিব, উপসচিব, যুগ্মসচিব ও অতিরিক্ত সচিবগণের মধ্য হইতে নিয়োগ করা যাইবে:

তবে শর্ত থাকে যে, উপ-বিধি (২) এর অধীন নিয়োগের ক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক আদেশ জারির পূর্বে আইন ও বিচার বিভাগের সম্মতি গ্রহণ করিতে হইবে।

৫। **নিয়োগের আদেশ জারি**।—(১) এই বিধিমালা অনুসারে বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিসের সদস্যদের মধ্য হইতে সহকারী সচিব, সিনিয়র সহকারী সচিব, উপসচিব, উপসলিসিটর, যুগ্মসচিব, সলিসিটর পদে নিয়োগের ক্ষেত্রে আইন ও বিচার বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্টের সহিত পরামর্শ করিয়া সিদ্ধান্ত গ্রহণ এবং প্রয়োজনীয় আদেশ জারি করিবে।

(২) অতিরিক্ত সচিব এবং সচিব পদে নিয়োগের ক্ষেত্রে বাংলাদেশ সুপ্রীম কোর্টের সহিত পরামর্শ করিয়া রাষ্ট্রপতির অনুমোদনক্রমে আইন ও বিচার বিভাগ প্রয়োজনীয় আদেশ জারি করিবে।

৬। **সংশোধন**।—সরকার, বাংলাদেশ সুপ্রীম কোর্টের সহিত পরামর্শ করিয়া, এই বিধিমালার কোনো বিধান সংশোধন করিতে পারিবে।

৭। **রহিতকরণ ও হেফাজত**।—(১) এতদ্দ্বারা আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের ১ম শ্রেণির পদে নিয়োগের নীতিমালা, ২০০১ রহিত করা হইল।

(২) উক্তরূপ রহিতকরণ সত্ত্বেও উক্ত নীতিমালার অধীন কৃত সকল কাজ বা গৃহীত সকল ব্যবস্থা এই বিধিমালার অধীন কৃত বা গৃহীত হইয়াছে বলিয়া গণ্য হইবে।

**তফসিল**

[বিধি ৪ (১) দ্রষ্টব্য]

| ক্রমিক | পদের নাম | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|
| ১। | সচিব | অতিরিক্ত সচিব পদে কর্মরত সার্ভিস সদস্যদের মধ্য হইতে নিয়োগ/বদলির মাধ্যমে | (ক) জেলা ও দায়রা জজ/সমপর্যায়ের পদে ৫(পাঁচ) বৎসরের কর্মের অভিজ্ঞতাসহ বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিসে অন্যূন ২৫ (পঁচিশ) বৎসরের কর্মের অভিজ্ঞতা;<br>(খ) মেধা ও দক্ষতা। |
| ২। | অতিরিক্ত সচিব | জেলা ও দায়রা জজ পর্যায়ের পদে কর্মরত সার্ভিস সদস্যদের মধ্য হইতে নিয়োগ/বদলির মাধ্যমে | (ক) জেলা ও দায়রা জজ/সমপর্যায়ের পদে কর্মের অভিজ্ঞতাসহ বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিসে অন্যূন ২১ (একুশ) বৎসরের কর্মের অভিজ্ঞতা;<br>(খ) মেধা ও দক্ষতা। |
| ৩। | যুগ্মসচিব/সলিসিটর | অতিরিক্ত জেলা ও দায়রা জজ পর্যায়ের পদে কর্মরত সার্ভিস সদস্যদের মধ্য হইতে নিয়োগ/ বদলির মাধ্যমে | (ক) বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিসে অন্যূন ১৫ (পনের) বৎসরের কর্মের অভিজ্ঞতা;<br>(খ) অতিরিক্ত জেলা ও দায়রা জজগণের মধ্য হইতে নিয়োগের ক্ষেত্রে উক্ত পদে অন্যূন ০৩ (তিন) বৎসরের অভিজ্ঞতা;<br>(গ) মেধা ও দক্ষতা। |
| ৪। | উপসচিব/উপসলিসিটর | যুগ্ম জেলা ও দায়রা জজ পর্যায়ের পদে কর্মরত সার্ভিস সদস্যদের মধ্য হইতে নিয়োগ/বদলির মাধ্যমে | (ক) বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিসে অন্যূন ১০ (দশ) বৎসরের কর্মের অভিজ্ঞতা;<br>(খ) মেধা ও দক্ষতা। |
| ৫। | সিনিয়র সহকারী সচিব | সিনিয়র সহকারী জজ পর্যায়ের পদে কর্মরত সার্ভিস সদস্যদের মধ্য হইতে নিয়োগ/বদলির মাধ্যমে | বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিসে অন্যূন ০৫ (পাঁচ) বৎসরের কর্মের অভিজ্ঞতা। |
| ৬। | সহকারী সচিব | সহকারী জজ পর্যায়ের পদে কর্মরত সার্ভিস সদস্যদের মধ্য হইতে নিয়োগ/বদলির মাধ্যমে | (ক) বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিসে অন্যূন ০৩ (তিন) বৎসরের কর্মের অভিজ্ঞতা;<br>(খ) সহকারী জজ পদে স্থায়ী হইতে হইবে। |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**শেখ আবু তাহের**
সচিব।

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd